# U.G. 3rd Semester Examination - 2020

## BENGALI

### Course Code : BBNGCCHT302

### Course Title : আধুনিক কাব্য কবিতা

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) 'এত যে বয়েস, তবু লজ্জাহীন, তুমি!' — কাকে উদ্দেশ্য করে এ কথা বলা হয়েছে?

খ) পঞ্চভূত বলতে কী বোঝ?

গ) ''বীরাঙ্গনা কাব্যে''র নায়িকাদের উৎস কী?

ঘ) পাশ্চাত্যের কোন্ কাব্যের প্রভাবে ''বীরাঙ্গনা কাব্য'' রচিত হয়েছিল?

ঙ) 'বেলাশেষে' কবিতার মূল সুর কী?

চ) আশীর্ব্বাদ ছলে মনে নমিতাম আমি'। — কার উক্তি?

ছ) '''বৃত্রসংহার'' কী জাতীয় কাব্য?

জ) 'দয়ার সাগর তুমি, কর, দয়া মোরে।' — 'দয়ার সাগর' কে?



ঝ) ঐন্দ্রিলা কে?

ঞ) 'মানব বন্দনা' কবিতাটি কোন্ কাব্যের অর্ন্তগত?

ট) ইন্দ্রের অশ্বের নাম কি?

ঠ) 'কলকাতার যীশু' কবিতায় কাকে কলকাতার যীশু বলা হয়েছে?

ড) 'জন্মভূমিকেই' কবিতাটি কোন্ কাব্যের অন্তর্গত?

ঢ) 'সুরবালা' কবিতায় কোন্ স্থানের পরিবেশের বর্ণনা রয়েছে?

ণ) 'ফুল ফুটুক না ফুটুক' কবিতাটি কোন্ কাব্যের অন্তর্গত?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) ''চণ্ডালের পদধূলি ব্রাহ্মণের ভালে'' — উক্তিটি কার? 'চণ্ডাল' ও 'ব্রাহ্মণ' বলতে কাদের বোঝানো হয়েছে?

খ) ''থাকে যদি ধর্ম্ম, তুমি অবশ্য ভুঞ্জীবে
এ কর্ম্মের প্রতিফল।'' — বক্তা কে? কোন্ কর্ম্মের প্রতিফলের কথা বলা হয়েছে?

গ) 'নয়নে গড়ায়ে বহে অশ্রুজল,
পটে যেন স্থির প্রতিমা আঁকা।'' — কোন্ কবিতায়, কার সম্বন্ধে এই উক্তি?

ঘ) ''-তাকে ডেকে নিয়ে গেছে দিনগুলো'' — কাকে? দিনগুলো বলতে কী বোঝানো হয়েছে?

ঙ) ''সিন্ধুমূলে জলবিন্দু, বিশ্বমূলে অণু
সমগ্রে প্রকাশ''। — পংক্তিটির তাৎপর্য কী?

চ) ‘বৃত্রসংহার’ কাব্যের প্রথম সর্গের মূল বিষয় দুটি-তিনটি বাক্যে লেখো।

ছ) “যাহা কিছু লিখি অমূল্য ব’লে অ-মূল্যে নেন”। — ‘অমূল্য’ ও ‘অ-মূল্যে’ বলতে এখানে কী বোঝানো হয়েছে?

জ) “অলক্তে রঞ্জিবে শচী আজি এ চরণে”। — কোন্ প্রসঙ্গে কার উক্তি?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) ‘বৃত্রসংহার’ কাব্যের একাদশ সর্গের গুরুত্ব সংক্ষেপে নিজের ভাষায় লেখো।

খ) তোমার পাঠ্য ‘পুরুলিয়া’ সনেটটির কাব্যসৌন্দর্য বিচার করো।

গ) কবি শঙ্খ ঘোষের ‘বাবরের প্রার্থনা’ কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) পত্রকাব্য কাকে বলে? পত্রকাব্য হিসাবে মাইকেল মধুসূদন দত্তের ‘বীরাঙ্গনা’ কতখানি সার্থক, তোমার পাঠ্য পত্রগুলি অবলম্বনে তা বুঝিয়ে দাও।

খ) ‘বেলাশেষে’ কবিতার মূল সুর জীবন বিষাদ হলেও কবিত্বের গুণে তা সার্থক গীতিকবিতা হয়ে উঠেছে - ব্যাখ্যা করো।

গ) জীবনানন্দ দাশের ‘বোধ’ কবিতায় কবির একাকিত্বের কারণ ও স্বরূপ নির্ণয় করো।

———